



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ


www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৯.২৩.০০১.১৮-২৯১

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ।
০৭ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০১৯' যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে ফলোআপ সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সম্মেলন কক্ষে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০১৯' যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে একটি ফলোআপ সভা বিগত ০৫ আগস্ট ২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।


০৭.০৮.১৯

মোঃ শাহিন মিয়া

উপপরিচালক

সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৮১১৫।

e-mail:ds_coordination@badc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান/অর্থ/ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা।
০২. সচিব, বিএডিসি, ঢাকা।
০৩. উপসচিব, প্রশাসন-১ শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত), বিএডিসি, ঢাকা।
০৫. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৬. প্রধান (পরিচালনা/মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৭. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৮. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃগ্রোঃ/বীপস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৯. যুগ্মপরিচালক (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
১০. যুগ্মপরিচালক (ডাল ও তৈলবীজ/সবজি বীজ), বিএডিসি, ঢাকা।
১১. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১২. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১৩. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশু), বিএডিসি, ঢাকা।
১৪. উপপরিচালক (আইন), বিএডিসি, ঢাকা।
১৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
১৬. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৭. সভাপতি/সাধারণ সম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ(রেজি নং বি-১৯০৩), সিবিএ, কৃষি ভবন, ঢাকা।

১৭. সভাপতি/সাধারণ সম্পাদক (বঙ্গবন্ধু পরিষদ, বিএডিসি শাখা/বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, বিএডিসি প্রাতিষ্ঠানিক ইউনিট কমান্ড/বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, বিএডিসি প্রাতিষ্ঠানিক ইউনিট মুক্তিযোদ্ধার সন্তান কমান্ড/বিএডিসি কৃষিবিদ সমিতি/বিএডিসি অফিসার্স এসোসিয়েশন/বিএডিসি প্রকৌশলী সমিতি/বিএডিসি অফিসার্স ফোরাম/বিএডিসি ডিপ্লোমা কৃষিবিদ সমিতি/বিএডিসি ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন/বিএডিসি উইমেন এসোসিয়েশন), বিএডিসি, ঢাকা।
১৮. অফিস কপি।



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকীতে “জাতীয় শোক দিবস ২০১৯” যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে ফলোআপ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ সায়েদুল ইসলাম, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময় : ০৫ আগস্ট ২০১৯; বিকাল ২:৩০ ঘটিকা।
স্থান : সংস্থার সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট - ক।

সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার পরিজনসহ ১৫ আগস্ট শাহাদতবরণকারী সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করেন। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে বিগত ২৫ জুলাই ২০১৯ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি/প্রস্তুতির বিষয়ে আলোচনার সূত্রপাত করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপপরিচালক (সমন্বয়) প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচিসমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধানগণ গৃহীত কর্মসূচি বাস্তবায়ন বিষয়ে অগ্রগতি/প্রস্তুতি সভায় উপস্থাপন করেন।

ক্রঃ নং	বিগত ২৫ জুলাই ২০১৯ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচি	অগ্রগতি/বিবরণ	বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর।
০১.	ক. আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার বিএডিসি'র অধীনস্থ সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা এবং কালো পতাকা উত্তোলন করা। (জাতীয় পতাকা অর্ধনমিত রাখার ক্ষেত্রে প্রথমে পূর্ণ উত্তোলন করতে হবে। অতঃপর জাতীয় পতাকার প্রস্থের সমপরিমাণ নীচে নামিয়ে পতাকা রাখতে হবে।) খ. জাতীয় পতাকা ব্যবহারের সময় কোন প্রকার ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার করা যাবে না এবং মানসম্পন্ন কাপড়ে যথানিয়মে জাতীয় পতাকা প্রস্তুত করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, কৃষি ভবনের সম্মুখে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা এবং কালো পতাকা উত্তোলনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। সভায় বিভিন্ন বিভাগ/দপ্তর প্রধানগণ জানান যে, আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার যথাসময়ে ও যথানিয়মে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা এবং কালো পতাকা উত্তোলনের জন্য মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা দেয়া হয়েছে।	০১. সাধারণ পরিচর্যা বিভাগ ০২. সকল অফিস প্রধান ০৩. সকল প্রধান শিক্ষক।
০২.	ক. জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় ঢাকাস্থ বিএডিসি'র সকল কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিতিতে কৃষি ভবনের সম্মেলন কক্ষে (২য় তলা) আলোচনা সভার আয়োজন করা।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার কৃষি ভবনের সম্মেলন কক্ষে (২য় তলা) আলোচনা সভার আয়োজন করা হবে। এ বিষয়ে সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। সভায়	০১. মহাব্যবস্থাপক (উদ্যান) ০২. নিয়োগ ও কল্যাণ বিভাগ


ক্রঃ নং	বিগত ২৫ জুলাই ২০১৯ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচি	অগ্রগতি/বিবরণ	বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর।
	খ. আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার বঙ্গবন্ধুর ওপর একজন বিশেষজ্ঞ ব্যক্তি/গবেষককে কৃষি ভবনে আমন্ত্রণ করা যেতে পারে।	মহাব্যবস্থাপক (উদ্যান) জানান যে, আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ আলোচনা সভায় বঙ্গবন্ধুর ওপর একজন বিশেষজ্ঞ ব্যক্তিকে আমন্ত্রণ করা হয়েছে। আলোচনা সভায় এক মিনিট নিরবতা পালন ও বিশেষ দোয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	০৩. সাধারণ পরিচর্যা বিভাগ।
০৩.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার পরিজনের বুহের মাগফেরাত কামনায় আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার কৃষি ভবনস্থ মসজিদ ও বিএডিসি'র আওতায় মাঠ পর্যায়ের সকল মসজিদসমূহে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা করা। বাদ যোহর বিশেষ মোনাজাতের পর তবারক বিতরণ করা।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার কৃষি ভবনস্থ মসজিদে বাদ যোহর বিশেষ মোনাজাতের আয়োজন করা হবে। সাধারণ পরিচর্যা বিভাগ হতে বাদ যোহর তবারক বিতরণ করা হবে। সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধানগণ জানান যে, এ বিষয়ে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।	০১. নিয়োগ ও কল্যাণ বিভাগ ০২. সাধারণ পরিচর্যা বিভাগ ০৩. সকল অফিস প্রধান।
০৪.	বিএডিসি'র সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদের ১৫ আগস্ট ২০১৯ তারিখ কালো ব্যাজ ধারণ করা।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ কালো ব্যাজ সরবরাহ করা হবে। সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধানগণ জানান যে, ১৫ আগস্ট ২০১৯ তারিখ কালো ব্যাজ পরিধানের জন্য মাঠ পর্যায়ের সকল অফিস প্রদানকে নির্দেশনা প্রদান করা হয়েছে।	০১. সাধারণ পরিচর্যা বিভাগ, ০২. বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ।
০৫.	সদর দপ্তর ও মাঠ পর্যায়ের বিএডিসি'র সকল কর্মকর্তা ও কর্মচারীদের আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার স্ব স্ব কর্মস্থলে উপস্থিত থাকা এবং স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত জাতীয় কর্মসূচিতে অংশ গ্রহণ নিশ্চিত করা। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ মাঠ পর্যায়ের সকল অফিস প্রধানকে রি.য়ুটি আবশ্যিকভাবে নিশ্চিত করবেন।	সমন্বয় বিভাগ হতে সভায় জানানো হয়, আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার স্ব স্ব কর্মস্থলে উপস্থিত থাকার জন্য একটি অফিস আদেশ জারি করা হবে। সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধানগণ জানান যে, বিএডিসি'র মাঠ পর্যায়ে সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার স্ব স্ব কর্মস্থলে উপস্থিত থাকা এবং স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত কর্মসূচিতে অংশগ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।	সকল বিভাগ/দপ্তর প্রধান।

ক্রঃ নং	বিগত ২৫ জুলাই ২০১৯ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচি	অগ্রগতি/বিবরণ	বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর।
০৬.	ক. বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত কর্মসূচি এবং জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ অথবা ১ দিন আগে বা পরে বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক বক্তৃতার আয়োজন করা। খ. বঙ্গবন্ধুর ০৭ মার্চের ঐতিহাসিক ভাষণ এবং শুদ্ধভাবে জাতীয় সঙ্গীত গাওয়ার প্রতিযোগিতার আয়োজন করা।	নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে সভায় জানানো হয়, এ বিষয়ে বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।	০১. নিয়োগ ও কল্যাণ বিভাগ ০২. সকল প্রধান শিক্ষক।
০৭.	জাতীয় শোক দিবস সম্পর্কিত তথ্য ও বঙ্গবন্ধুর বাণী বিএডিসি'র ডিজিটাল ডিসপ্লে বোর্ড/ Kiosk এ প্রদর্শন করা।	জনসংযোগ বিভাগ ও নির্মাণ বিভাগ হতে সভায় জানানো হয়, জাতীয় শোক দিবস সম্পর্কিত তথ্য ও বঙ্গবন্ধুর বাণী বিএডিসি'র ডিজিটাল ডিসপ্লে বোর্ড/ Kiosk এ প্রদর্শন করা হবে।	০১. নির্মাণ বিভাগ ০২. জনসংযোগ বিভাগ।
০৮.	জাতীয় শোক দিবস উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচিসমূহ সকল উইং, বিভাগ, দপ্তর ও শাখার কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করা এবং গৃহীত কর্মসূচিসমূহ সংস্থার Kiosk এ প্রদর্শন করা।	সভায় উপস্থিত বিভাগ/দপ্তর প্রধানগণ জানান যে, প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচিসমূহ সকল কর্মকর্তা ও কর্মচারীকে অবহিত করা হয়েছে। জনসংযোগ বিভাগ হতে জানানো হয়, গৃহীত কর্মসূচিসমূহ সংস্থার Kiosk এ প্রদর্শন করা হবে।	০১. সকল বিভাগ/দপ্তর প্রধান ০২. জনসংযোগ বিভাগ।
০৯.	আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার সদর দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের কৃষি ভবনে যাতায়াতের নিমিত্ত নির্ধারিত যানবাহনের ব্যবস্থা করা।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার সদর দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের কৃষি ভবনে যাতায়াতের সুবিধার্থে একটি অফিস আদেশ জারি করা হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ।
১০.	জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষ্যে কৃষি সমাচারের বিশেষ সংখ্যা প্রকাশ করা। সে উপলক্ষ্যে আগ্রহীদের নিকট থেকে আগামী ০৮ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে লেখা সংগ্রহ করা।	জনসংযোগ বিভাগ হতে সভায় জানানো হয়, জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষ্যে কৃষি সমাচারের বিশেষ সংখ্যা প্রকাশের নিমিত্ত লেখা আহ্বান করা হয়েছে। এ বিষয়ে বিভিন্ন বিভাগ/দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে।	জনসংযোগ বিভাগ।
১১.	জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষ্যে বিএডিসি'র আওতাধীন সকল অফিসসমূহে পোস্টার/ব্যানার স্থাপন করা।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে কৃষি ভবনের সম্মুখে ব্যানার/পোস্টার স্থাপন করা হবে। মাঠ পর্যায়ে সকল অফিস প্রধানকে এ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে।	০১. সাধারণ পরিচর্যা বিভাগ ০২. সকল অফিস প্রধান।

ক্রঃ নং	বিগত ২৫ জুলাই ২০১৯ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচি	অগ্রগতি/বিবরণ	বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর।
১২.	কৃষি ভবনস্থ মসজিদের সাউন্ড বক্সের সাথে মহিলা কর্মকর্তা/কর্মচারীদের নামাজ কক্ষের সাউন্ড বক্স সংযোগ দেয়া।	নির্মাণ বিভাগ হতে সভায় জানানো হয়, কৃষি ভবনস্থ মসজিদের সাউন্ড বক্সের সাথে মহিলা কর্মকর্তা/কর্মচারীদের নামাজ কক্ষের সাউন্ড বক্স সংযোগ দেয়া হবে।	নির্মাণ বিভাগ।

০৩. সভাপতি “জাতীয় শোক দিবস ২০১৯” যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত গৃহীত প্রস্তুতির জন্য সকলকে ধন্যবাদ জানান এবং সফলভাবে জাতীয় শোক দিবস পালন সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

০৪. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ সায়েদুল ইসলাম)

চেয়ারম্যান, বিএডিসি

ও

সভাপতি

জাতীয় শোক দিবস ২০১৯ পালনের

ফলোআপ সভা।